

তোমার কটি-তটের ধটি কে দিল রাঙিয়া—  
 কোমল গায়ে দিল পরায়ে রঙিন আঙিয়া ॥  
 বিহানবেলা আঙিনাতলে এসেছ তুমি কী খেলাছিলে—  
 চরণ দুটি চলিতে ছুটি পড়িছে ভাঙিয়া ।  
 তোমার কটি-তটের ধটি কে দিল রাঙিয়া ॥  
 কিসের সুখে সহাস মুখে নাচিছ বাছনি—  
 দুয়ার-পাশে জননী হাসে হেরিয়া নাচনি ।  
 তাখেই-খেই তালির সাথে কাঁকন বাজে মায়ের হাতে—  
 রাখাল-বেশে ধরেছ হেসে বেগুর পাঁচনি ।  
 কিসের সুখে সহাস মুখে নাচিছ বাছনি ।  
 নিখিল শোনে আকুল-মনে নুপুর-বাজনা,  
 তপন-শশী হেরিছে বসি তোমার সাজনা ।  
 ঘুমাও যবে মায়ের বুকে আকাশ চেয়ে রহে ও মুখে,  
 জাগিলে পরে প্রভাত করে নয়ন-মাজনা ।  
 নিখিল শোনে আকুল-মনে নুপুর-বাজনা ॥

---

Parjaay: Natya-geeti, Taal: Jhampak, Raag: Kafi  
 Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail